



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)

পরিচালক (প্রশাসন), চবক এর দপ্তরাদেশনামা নং-৪৪/২০২১ খ্রি।  
তারিখ : ৪ এপ্রিল ২০২১ খ্রি।

দেশের করোনা পরিস্থিতির কারণে গত ২৯ মার্চ প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ১২৪ স্মারক প্রজ্ঞাপনে দেশের সকল সরকারি প্রতিষ্ঠান ও দপ্তরসমূহে পালনীয় ১৮ দফা নির্দেশনা এবং উক্ত নির্দেশনার অনুভূতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ৪ এপ্রিল ২০২১ ইং তারিখে ১১১ নং স্মারক পত্রের প্রেক্ষিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অধীন কর্মকর্তা/ কর্মচারীদের জন্য ৫ এপ্রিল, ২০২১ইং ভোর ৬.০০টা হতে ১১ এপ্রিল, ২০২১ রাত ১২.০০টা পর্যন্ত মেয়াদে পালনীয় নিয়োক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ-

- ক) জরুরী পরিসেবা বিবেচনায় চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম ২৪/৭ চালু থাকবে;
- খ) চট্টগ্রাম বন্দরের নৌ-বিভাগ বন্দরে আগত জাহাজের জন্য পাইলটিং সার্ভিস যথায়িত চালু রাখবে। তবে IMO এবং WHO ঘোষিত পদ্ধতি অনুসারে জাহাজের নাবিকদের কোয়ারেন্টাইন এর ব্যবস্থা গ্রহণ করে জাহাজ বার্থিং প্রদান করবে। এছাড়া ভিটিএমআইএস ও ভিটিএসএস সার্বক্ষণিক সচল রাখবে;
- গ) পরিবহন বিভাগ বন্দরে আগত জাহাজ সমূহে পণ্যের উঠানামার সমস্ত কার্যক্রম ২৪/৭ সম্পাদন করবে এবং ন্যূনতম জনবল দিয়ে কাস্টম বিভাগ
- কর্তৃক প্রদত্ত ক্লিয়ারেল এর পর দুটোর সাথে পণ্য ডেলিভারীর ব্যবস্থা গ্রহণ করবে;
- ঘ) চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা বিভাগ বন্দরের নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ২৪/৭ গ্রহণ করবে;
- ঙ) চট্টগ্রাম বন্দরের হাসপাতালের সেবা কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু থাকবে। চীফ মেডিক্যাল অফিসার প্রয়োজন অনুযায়ী চিকিৎসক ও নার্সদের রোক্ষার দায়িত্ব বন্টন করবেন এবং পর্যাপ্ত অক্সিজেন সিলিন্ডার মজুদ, এ্যাম্বুলেন্সসহ অন্যান্য সুবিধাদি সার্বক্ষণিকভাবে প্রস্তুত রাখবেন এবং পর্যাপ্ত কোভিড টেস্টের ব্যবস্থা করবেন;
- চ) যান্ত্রিক বিভাগ বন্দরের সকল যন্ত্রপাতির সার্বক্ষণিক সচল/ চলমান রাখার নিশ্চয়তা বিধান করবে এবং প্রয়োজনীয় ন্যূনতম জনবল বিভিন্ন ওয়ার্কশপে দায়িত্ব পালনের জন্য প্রস্তুত রাখবে। এছাড়া প্রতিদিন প্রয়োজনীয় সংখ্যক ইসিএম চালককে দায়িত্ব পালনের জন্য সার্বক্ষণিক প্রস্তুত রাখবে। গণপরিবহন ব্বেকের সময় যান্ত্রিক বিভাগ সিডিউল করে বিভিন্ন শিফটে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পরিবহনের ব্যবস্থা করবে;
- ছ) বিদ্যুৎ বিভাগ ২৪/৭ চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে অপারেশনাল এরিয়াসহ সকল পয়েন্টে নিরাবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে;
- জ) চট্টগ্রাম বন্দরের ফায়ার সার্ভিস টিম যথায়িত ২৪/৭ দায়িত্ব পালনের জন্য প্রস্তুত থাকবে;
- ঝ) সিস্টেমস এনালিষ্ট, চবক বন্দরের সিটিএমএস এবং আইসিটি বেইজড সুবিধাদি সচল রাখবে;
- ঞ) পুরকৌশল বিভাগ বিভিন্ন সেবা প্রদানের জন্য একটি ইমার্জেন্সি রেসপন্স টিম প্রস্তুত রাখবে। টিমের মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা ইত্যাদি পরিচালক (প্রশাসন), চবক এর নিকট প্রেরণ করবে;
- ট) বন্দরের অভ্যন্তরে/বাইরে করোনা পরিস্থিতি সংক্রান্ত বিষয়ে প্রধান চিকিৎসা কর্মকর্তা, চবক ও পোর্ট হেলথ অফিসার, ডাক্তার মোৎ জাবেদ আপারেটর অভ্যন্তরে/বাইরে করোনা পরিস্থিতি সংক্রান্ত বিষয়ে প্রধান চিকিৎসা কর্মকর্তা-কর্মচারীদের জরুরি বিভাগে ০২-৩৩৩৩০২২৪, ০১৭০৩-২৮৪৯৬৯ নম্বরে যোগাযোগ করা যাবে;
- ঠ) চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারি কার্যক্রম দ্রব্যাদিত করার জন্য পরিবহন বিভাগ, শিপিং এজেন্টস, সিএন্ডএফ এজেন্টস, বার্থ অপারেটরস, টার্মিনাল অপারেটর, শিপ হ্যান্ডলিং অপারেটরস এবং অন্যান্য বন্দর ব্যবহারকারীগণ কাস্টমস বিভাগকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;
- ড) সকল বিভাগীয় প্রধান জরুরি বিষয়ে ই-ফাইলিং এর মাধ্যমে দাস্তাবিক কাজ সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করবেন এবং ই-মেইল, টেলিফোনের মাধ্যমে যোগাযোগ রক্ষা করবেন। পরিচালক (প্রশাসন), চবক এবং সচিব, চবক বন্দর ভবন এর অফিসের কার্যক্রম সমন্বয় করবেন। ন্যূনতম প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী উপস্থিত রাখার ব্যবস্থা গ্রহণ করবেন। সকল কর্মচারী বর্ণিত সময়ে কর্মসূল ত্যাগ করবেন না;
- ঢ) অর্থ বিভাগ সকল কর্মকর্তা-কর্মচারীর বেতন-অনুত্তোষিক ইত্যাদি নিয়মিত পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবে;
- ণ) কোন কর্মকর্তা/কর্মচারী করোনা সন্দেহে স্যাম্পল টেস্ট করতে দিলে নেগেটিভ রিপোর্ট না পাওয়া পর্যন্ত তিনি অফিসে উপস্থিত থাকা হতে বিরত থাকবেন। স্যাম্পল দাতাদের তালিকা প্রধান চিকিৎসা কর্মকর্তা, চবক আন্তঃযোগাযোগ গুপ্তে প্রদান করবেন এবং বিভাগীয় প্রধানগণ স্যাম্পল দাতাদের নেগেটিভ রিপোর্ট না পাওয়া পর্যন্ত অফিসে উপস্থিতি বিরত রাখা নিশ্চিত করবেন। বিভাগীয় প্রধানবন্দ অধীনস্ত সকলের মাঝ ব্যবহার নিশ্চিত করবেন এবং “নো মাঝ নো সার্ভিস” নীতিমালার যথাযথ প্রতিপালন নিশ্চিত করবেন;
- ত) বিভাগীয় প্রধানগণ প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ২৯ মার্চ, ২০২১ তারিখের ১২৪নং স্মারকের প্রজ্ঞাপনের ১৮ দফা নির্দেশনা প্রতিপালন নিশ্চিত করবেন। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানবন্দ এবং পুরকৌশল বিভাগ বন্দর ভবন এবং বন্দরের বিভিন্ন স্থাপনায় স্থাপিত হাত ধোয়ার ব্যবস্থা সচল রাখবেন এবং ব্যবহার নিশ্চিত করবেন;
- থ) অর্থরাইজড অফিসার, চবক স্বাস্থ্যবিধি প্রতিপালনের জন্য বন্দর অধিক্ষেত্রে প্রতিদিন মোবাইল কোর্ট পরিচালনা করবেন;

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৪০৪১২১  
পরিচালক (প্রশাসন)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ